



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.১১.০০৬.২২-১৭০৯

তারিখ: ০৩ পৌষ ১৪২৯  
১৮ ডিসেম্বর ২০২২

**বিষয়:** নারায়ণগঞ্জ জেলার তারাব পৌরসভার আওতায় পৌর মাধ্যমিক বিদ্যালয়ের শূন্য পদে শিক্ষক নিয়োগের লক্ষ্যে ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।


**সূত্র:** তারাব পৌরসভা কার্যালয়ের স্মারক নং-তা:পৌ:/সাধা:/নিয়োগ/২০২২/৩২৮৮; তারিখঃ ১০/১০/২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নারায়ণগঞ্জ জেলার তারাব পৌরসভার আওতায় পৌর মাধ্যমিক বিদ্যালয়ের নিম্নোক্ত শূন্য পদে শিক্ষক নিয়োগের ছাড়পত্র নির্দেশক্রমে প্রদান করা হলোঃ

ক্রমিক	পদের নাম	চাহিত পদের সংখ্যা
১.	সহকারী শিক্ষক	০৪ (চার)টি

**শর্তাবলি:**

- পৌরসভার কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯২ এর নিয়োগের বিধানসহ (পদ অনুযায়ী যথাযথ শিক্ষাগত সনদ এবং কারিগরী পদের যথাযথ যোগ্যতা নিশ্চিত করে) এতদসংক্রান্ত প্রচলিত বিধি-বিধান এবং পৌরসভাসমূহে ৩য় ও ৪র্থ শ্রেণীর পদে কর্মচারী নিয়োগ সংক্রান্ত স্থানীয় সরকার বিভাগের ২৪/০২/২০০৫ তারিখের পৌর-২/সাধা-১৫/২০০৩/১৮২ সংখ্যক নীতিমালা আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে;
- ছাড়পত্র প্রদানকৃত পদে কোন প্রকার দৈনিক হাজিরা ভিত্তিক নিয়োগ বা অস্থায়ী নিয়োগ প্রদান করা যাবেনা;
- একটি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় এবং একটি স্থানীয় দৈনিক পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করতঃ নির্ধারিত বাছাই কমিটি কর্তৃক নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে এবং
- ছাড়পত্র প্রদানের তারিখ হতে ০৬(ছয়) মাসের মধ্যে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করে স্থানীয় সরকার বিভাগ-কে অবহিত করতে হবে।

  
(মো: আব্দুর রহমান)  
উপসচিব  
ফোনঃ ৯৫১৪১৪২

মেয়র  
তারাব পৌরসভা, নারায়ণগঞ্জ।

**অনুলিপি:**

- ০১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপসচিব (পৌর-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।